# এক হাজার ৮৯টি ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্ত হচ্ছে

আগামী সপ্তাহে প্রজ্ঞাপন




*ফাইল ছবি*

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৩ নভেম্বর ২০২৫ | ২১:২১

- অ +

সরকারি অনুদানপ্রাপ্ত এক হাজার ৮৯টি স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসাকে ‘শর্তসাপেক্ষে’ এমপিওভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে অন্তর্বর্তী সরকার। এ-সংক্রান্ত ফাইলে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস অনুমোদন দিয়েছেন বলে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সূত্রে জানা গেছে। তবে শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. সি আর আবরার দেশের বাইরে থাকায় চলতি সপ্তাহে প্রজ্ঞাপন জারি করা সম্ভব হচ্ছে না।

আগামী সপ্তাহের শুরুতে প্রজ্ঞাপন জারি করা হতে পারে বলে জানিয়েছে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের যুগ্ম সচিব (মাদ্রাসা অনুবিভাগ) এস এম মাসুদুল হক সমকালকে বলেন, স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্তির ফাইলে প্রধান উপদেষ্টার সই হয়েছে বলে জেনেছি। প্রধান উপদেষ্টার দপ্তর থেকে ফাইল শিক্ষা উপদেষ্টার দপ্তরে যাবে। শিক্ষা উপদেষ্টা দেশে ফিরলে আমরা দ্রুত প্রজ্ঞাপন জারি করব।

জানা যায়, গত ২৮ জানুয়ারি স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্ত করার ঘোষণা দেয় অন্তর্বর্তী সরকার। এরপর নীতিমালা প্রকাশ করা হলেও বাস্তবায়নে দেরি হওয়ায় শিক্ষকরা টানা আন্দোলনে নামেন। টানা ২২ দিন ধরেই জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করছেন ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষকরা। তারা শুধু এমপিও নয়, অনুদানপ্রাপ্ত ও অনুদানবিহীন সব ইবতেদায়ি মাদ্রাসাকে জাতীয়করণের আওতায় আনার দাবি জানিয়ে আসছেন। আশ্বাসের পরও দাবি পূরণ না হওয়ায় তারা আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন।

সোমবারও সকাল থেকে ২২তম দিনের মতো জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান অব্যাহত রেখেছেন স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা।